


webpage



২৫/৯/২৩
২৪/১০/২৩
সুপ্রসীল বাংলাদেশ

৯০৬৬
১২/১৬
১০/১২

বাংলাদেশ শিল্পকলা একাডেমি
সেগুনবাগিচা, রমনা, ঢাকা।

ডিভিএলসি	
অঃ সঃ প্রঃ (সঃ)	অতি জরুরী
অঃ সঃ প্রঃ (সঃ)	নথি পেশ করুন
সঃ সঃ প্রঃ (সঃ ও আইসিটি)	আবেদন করুন
অঃ সঃ প্রঃ (এল.এ)	শেখানায়
অঃ সঃ প্রঃ (মঃ)	নথিভুক্ত
স্বাক্ষরকঃ	সঃ সঃ

তারিখ: ১৯-০৯-২০২৩ খ্রিঃ

৪৩.২০.০০০০.০০৬.২৩.২২.৫২৮

বিষয় : গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এঁর ৭৭তম জন্মদিন উদযাপন উপলক্ষে দেশব্যাপী শিশু, কিশোর ও যুবদের অংকিত চিত্রকর্মের প্রতিযোগিতা আয়োজন।

বাংলাদেশ শিল্পকলা একাডেমি'র আয়োজনে চারুকলা বিভাগ, জেলা শিল্পকলা একাডেমি এবং উপজেলা শিল্পকলা একাডেমি'র নানত্বাপনায় গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এঁর ৭৭তম জন্মদিন উদযাপন উপলক্ষে দেশব্যাপী শিশু, কিশোর ও যুবদের অংকিত চিত্রকর্মের প্রতিযোগিতা আয়োজন করা হবে। প্রতিযোগিতার নিম্ন ক বিভাগ:- "বাংলাদেশ ও শেখ হাসিনা", খ বিভাগ:- "উন্নয়নের মহাকবি ও মানবতার মা", গ বিভাগ:- "স্মার্ট বাংলাদেশের রূপকার জননেত্রী শেখ হাসিনা"।

প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে উপজেলা, জেলা ও ঢাকা মহানগরের শিশু, কিশোর এবং যুবদের অংকিত চিত্রকর্ম আগামী ০৮ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে (অফিস চলাকালীন) পরিচালক, চারুকলা বিভাগ, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, রমনা, ঢাকা-১০০০ এই ঠিকানায় সরাসরি/ডাক/কুরিয়ার সার্ভিসযোগে প্রেরণ নিশ্চিত করতে হবে। প্রাথমিক পর্যায়ে উপজেলা, জেলা ও মহানগর হতে প্রাপ্ত চিত্রকর্মসমূহ বাছাই করে জাতীয় পর্যায়ে চূড়ান্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য বাংলাদেশ শিল্পকলা একাডেমি, ঢাকায় আমন্ত্রণ জানানো হবে।

১৬" x ১১" সাইজের কাগজে রং পেনসিল, পোস্টার রং, প্যাস্টেল রং ও জল রংসহ যে কোন মাধ্যমে ছবি অংকন করা যাবে। অংকিত ছবির পিছনে শিল্পীর নাম, ঠিকানা, বিভাগ এবং মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে। ক বিভাগ:- প্রথম থেকে পঞ্চম শ্রেণি, খ বিভাগ:- ষষ্ঠ থেকে দশম শ্রেণি, গ বিভাগ:- একাদশ থেকে দ্বাদশ শ্রেণি। ১টি হাড্ড পুরস্কারসহ উপজেলা, জেলা ও ঢাকা মহানগর পর্যায়ে মোট ৭৭টি পুরস্কার প্রদান করা হবে।

গণতন্ত্রের মানসকন্যা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা-এঁর ৭৭তম জন্মদিন উদযাপন উপলক্ষে আয়োজিত দেশব্যাপী শিশু, কিশোর ও যুবদের অংকিত চিত্রকর্মের প্রতিযোগিতা আয়োজনে আপনার সার্বিক সহযোগিতা আন্তরিকভাবে প্রত্যাশা করছি।

দণ্যবাদসহ

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ঢাকা	
সংস্থাপন শাখা	অতি জরুরী
নেজারত শাখা	জরুরী
বাবসা-বাণিজ্য শাখা	পেশ করুন
সাধারণ শাখা	আলোচনা করুন
ক্রম শাখা	নথিভুক্ত
ট্রেজারী শাখা	গোপনীয়
এন.জি.ও শাখা	
প্রবাসী কল্যাণ শাখা	
লাইব্রেরী শাখা	
ফরমস এন্ড স্টেশনারী	জারি

(লিয়াকত আলী লাকী)
মহাপরিচালক

জেলা প্রশাসক
(সকল জেলা)

অনুলিপি (কার্যার্থে বিতরণ) :

- উপজেলা নির্বাহী কর্মকর্তা, (সকল উপজেলা)।
- উপজেলা শিক্ষা অফিসার, (সকল উপজেলা), (শিক্ষার্থীদের মাঝে বহুল প্রচারের অনুরোধসহ)।
- জেলা কাগজচারা অফিসার / দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/সাধারণ সম্পাদক, (সকল জেলা)।

বিঃদ্রঃ ছবি আঁকার ক্ষেত্রে পত্রে উল্লিখিত ১৬"x১১" সাইজের কাগজ ব্যবহার করতে হবে। অন্যথায় চিত্রকর্ম বাতিল বলে পরিগণিত হবে। চিত্রকর্ম কোনভাবেই ভাঁজ করে প্রেরণ করা যাবে না।

(প্রয়োজনে -০১৫৫২৩১২৫৪২, ০১৯১৪৮৫৪৮১২, ০১৭৫৬৭৯৮৩৯৯, ০১৫৫২৩১৩৭৬১)